REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা আশ্বিন বুধবার ১৩৩৫ ইংরাজী 19th September 1928. | ১৯শ সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

যে পুস্তক পাঠের আশায় বাঙ্গালার

## সচিত্র লজ্জতন্নেছা

পাঠকগণ এতকাল নিরাশ হইয়াছিলেন ইহা সেই যুগান্তকারী ভোজরাজ মন্ত্রী কোকা পণ্ডিত বিরচিত সকলের আকাঙ্ক্ষিত সচিত্র লজ্জতন্নেছা। যে কামশাস্ত্র জ্ঞানের অধিকারী হওয়ায় কোকা পণ্ডিতকে অশীতিপর বৃদ্ধ হইলেও যুবতীবৃন্দ তাহাকে পাইবার জন্য পাগলিনী প্রায় হইয়া রূপবান ভোজরাজকেও উপেক্ষা করিয়াছিল—ইহাতে সেই কোকা পণ্ডিতের জ্ঞানভাণ্ডার সম্পূর্ণ লিপিবদ্ধ আছে। ইহা জগতের স্ত্রী পুরুষের শ্রেণী, বর্ণ, স্বভাব, আকাঙ্ক্ষাদির বিবরণ সতী অসতী নিরূপণের উপায়, সৎ ও অসৎ, অল্পায়ু ও দীর্ঘায়ু সন্তান হইবার কারণ ও ইচ্ছামত পুত্র কন্যালাভ, সহবাসরীতি পুরুষের প্রতি স্ত্রীর অনুরাগ বৃদ্ধির উপায় রতিক্রিয়া সম্যক উপভোগের পন্থাদি—কামশাস্ত্রীয় সকল গুপ্ত বিষয় বিশদ-ভাবে বর্ণিত আছে। কোকা পণ্ডিতের ন্যায় কামশাস্ত্রজ্ঞ রমণীরঞ্জক হইয়া দীর্ঘজীবন লাভের আশা করিলে এই সুদুর্লভ লজ্জতন্নেছা পাঠ করিতে ভুলিবেন না। মূল্য ১ খানি এক টাকা ডাকমাশুল ।০ চারি আনা।

প্রাপ্তিস্থান—এস, সি, শীল, ১৫।৩ লক্ষ্মী দত্তের লেন, পোঃ বাগবাজার কলিকাতা।

# হিলিংবাম

গত ৩৪ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৸০

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারদ, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে

## কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে

মূল্য আট আনা মাত্র




কর্পূরারিষ্ট ঘর কারয় রাখা উচিত।

ডাক ব্যয় স্বতন্ত্র।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীসত্যকিঙ্কর সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৩রা আশ্বিন বুধবার ১৩৩৫ সাল।

## জঙ্গিপুর মিউনিসিপালিটীর কমিশনার বাছাই।

—•—

গত ১৭ই সেপ্‌টেম্বর প্রাতঃকাল হইতে আরম্ভ করিয়া সন্ধ্যা পর্য্যন্ত জঙ্গিপুর মিউনিসিপালিটীর বিভিন্ন ওয়ার্ডে কমিশনার নির্ব্বাচন কার্য্য সমাধা হইয়াছে। নিম্নলিখিত মহোদয়গণ আগামী বর্ষত্রয়ের জন্য মিউনিসিপ্যাল বোর্ডের তক্ত লাভ করিলেন।

১নং ওয়ার্ডে।

শ্রীযুক্ত ভজহরি নাথ।

" কালীপদ চট্টোপাধ্যায়।

২নং ওয়ার্ডে।

শ্রীযুক্ত শ্যামাচরণ চক্রবর্ত্তী।

" মহম্মদ ইসা খাঁ।

৩নং ওয়ার্ডে।

শ্রীযুক্ত দ্বিজপদ চট্টোপাধ্যায়।

" কালীচরণ সিংহ।

৪নং ওয়ার্ডে।

শ্রীযুক্ত আশুতোষ সরকার।

" রাসবিহারী বন্দ্যোপাধ্যায়।

৫নং ওয়ার্ডে।

শ্রীযুক্ত দিগম্বর চট্টোপাধ্যায়।

" জয়কৃষ্ণ দত্ত।

৬নং ওয়ার্ডে।

শ্রীযুক্ত বৃন্দাবনচন্দ্র রায়।

" মহম্মদ সেকেন্দার।

পানসীর লড়াই, ভেড়ার লড়াই, ষাঁড়ের লড়াই যেমন আমোদজনক তেমনি এই তিন বৎসর অন্তর বাবুর লড়াইটাও বড় কম আমোদজনক নহে। বাবুরা যখন ভোটের জন্য তোয়াজ করেন আর বলেন এই যে আমি! আমার মত আমি!! তোমরা কখনও দেখনি। আমি কৃষ্ণকে দিয়ে কংস বধেছি, রামকে দিয়ে রাবণ বধেছি ইত্যাদি ইত্যাদি। আর অমুক কিছু নয়! কিছু নয়!! চোর! চোর!! ডাকাত! ডাকাত! ওর অগুন্তি দোষ! অগুন্তি দোষ!! বাবুদের এই "বলিহারী আমি" শুনিয়া মনে হয় অমন ত এমন কেন ভাই?

## বাড়ালা রামদাস সেন হাই স্কুলের কৃতী ছাত্র।

—•—

এ বৎসর উক্ত স্কুল হইতে যতগুলি ছাত্র ম্যাট্রিকুলেশন পরীক্ষা দিয়াছিল, সবগুলিই উত্তীর্ণ হইয়াছে। আবার মহম্মদ সাদেক মিঞা নামক একটী ছাত্র স্পেশাল মুসলমান বৃত্তি ১০৲ টাকা পাইয়াছে। বাড়ালা স্কুল পল্লীতে হইলেও অনেক সহুরে স্কুল চেয়ে কোন অংশে কম নয়, কিন্তু কম কেবল সরকারী সাহায্য প্রাপ্তিতে।

## হিন্দু মুসলমানে বিবাহ।

—•—

গত ৫ই সেপ্‌টেম্বর তারিখে নৈনিতালের পরলোকগত এস, গাঙ্গুলীর কন্যা অরুণা গাঙ্গুলীর সঙ্গে দিল্লীর ব্যারিষ্টার মিঃ আসফ আলীর বিবাহ হইয়া গিয়াছে। বিবাহ সিভিল আইন অনুযায়ী হইয়াছে।

## লাম্পট্যের পরিণাম।

—•—

দিল্লীর রামপ্রসাদ ও মুখরাম নামক দুইটী ব্রাহ্মণ যুবক সহোদর ভ্রাতা। উহারা উভয়েই একটী নিম্ন জাতীয়া স্ত্রীলোকের উপর আসক্ত ছিল। ইতোমধ্যে একদিন রামপ্রসাদ স্ত্রীলোকটীকে লইয়া আমোদ প্রমোদে রত ছিল, সেই সময় মুখরাম একটী কুঠার দিয়া রামপ্রসাদকে হত্যা করে। স্ত্রীলোকটী কোন প্রকারে পলায়ন করে। পুলিশ মুখরামকে গ্রেপ্তার করিয়াছে।

## পুরুষ বেশে নারী।

—•—

গত ৬ই তারিখে ঈশ্বরদি ষ্টেশন হইতে ১৯ বৎসরের অনধিক বয়স্কা একটী ভদ্র যুবতী পাঞ্জাবী পুরুষের বেশে সজ্জিত হইয়া জনৈক অপরিচিত যুবকের সঙ্গে যাইতেছিল। পুলিশ উহাদিগকে গ্রেপ্তার করিয়া পাবনাতে পাঠাইয়াছে। উহাদের পরিচয় এখনও জানা যায় নাই।

## নর্ত্তকী বনাম ভূতপূর্ব্ব হোলকার।

—•—

১১ বৎসর বে-আইনীভাবে আটক ও বিভিন্ন সম্পত্তি আত্মসাৎ করার অভিযোগে সেবক বাই নামে বোম্বাইয়ের এক নর্ত্তকী ইন্দোরের ভূতপূর্ব্ব হোলকার সার তুকাজী রাওয়ের বিরুদ্ধে ক্ষতিপূরণ বাবদ ১ লক্ষ ৮৪ হাজার টাকার দাবীতে বোম্বাই হাইকোর্টের বিচারপতি ডেভার্সের এজলাসে এক মামলা দায়ের করে। সার তুকাজী রাওয়ের পক্ষ হইতে বলা হয় যে, ইহার বিচার বোম্বাইয়ে হইতে পারে না, ইন্দোরে হইবে। কিন্তু বিচারপতি ডেভার্স বলেন যে ইন্দোরে বিচার হইলে বাদিনীর জীবন তথায় বিপন্ন হইতে পারে, বোম্বাইয়েই বিচার হইবে। বিচারপতি ডেভার্সের এই হুকুমের বিরুদ্ধে সার তুকাজী রাওয়ের পক্ষ হইতে আপীল করা হয়। গত ১১ই সেপ্‌টেম্বর বিচারপতি কসেট ও কেম্প আপীল অগ্রাহ্য করিয়াছেন।

## প্রাপ্ত।

মহাশয় নিম্নলিখিত বিষয়টী আপনার পত্রিকায় স্থান দিয়া বাধিত করিবেন।

রঘুনাথগঞ্জ থানার রাঢ় অংশ সুতী থানার কতক অংশ ও সাগরদীঘি থানার সমুদয় অংশে ভীষণ দুর্ভিক্ষ উপস্থিত হইয়াছে। ৬০।৭০ হাজার লোক দুর্ভিক্ষে জর্জ্জরিত। বহু লোক খাদ্যাভাবে মর মর। স্থানে স্থানে অনেকে মৃত্যুমুখেও পতিত হইয়াছে। শুনা গেল যে মনিগ্রাম খাস মহালে একজন লোক জঠর জ্বালা সহিতে না পারিয়া উদ্বন্ধনে প্রাণত্যাগ করিয়াছে। আরও অনেক স্থানের মৃত্যুসংবাদ পাওয়া যাইতেছে। রঘুনাথগঞ্জ থানার ১নং গ্রুপ স্যাণ্ডা জামুয়ার এলাকায় চাঁদপুর, প্রসাদপুর, পালিগুর, সেলালপুর, মথুরাপুর কুলোড় প্রভৃতি স্থানে বহু লোক মর মর অবস্থায় আছে। উক্ত গ্রামগুলির কয়েকটী লোকের বাঁচিবার আশা একেবারেই নাই (খাদ্যাভাবে)। পরম মাননীয় চারুচন্দ্র গুপ্ত বাহাদুরকে আমি নিজে দরখাস্ত দ্বারা এ বিষয় জানাইয়াছি। কিন্তু এতক এই গ্রুপটীর দুর্ভিক্ষক্লিষ্ট লোকদের জন্য কোনই ব্যবস্থা হইল না। এই গ্রুপের প্রেসিডেণ্ট পঞ্চায়েৎ পঙ্কজ বাবু (ভোলা বাবু) মাল, রাজবংশী ও কুনাই জাতীয় প্রজার দুর্ভিক্ষ নিবারণ জন্য (প্রাণ রক্ষার জন্য) কোন আবশ্যকই মনে করেন না। আমার বাসভূমি ৩নং গ্রুপে এতক ক্ষুদের ব্যবস্থাই হইল না। ভিক্ষা করিয়া আর কত দেওয়া যাইবে? ইহার কারণ বুঝিতে বাকী নাই।

১৪ই সেপটেম্বর প্রেসিডেন্সী বিভাগের পরম মাননীয় কমিশনার সাহেব বাহাদুর এতদঞ্চলের দুর্ভিক্ষক্লিষ্ট লোকদিগের অবস্থা দর্শন জন্য মনিগ্রাম খাসমহালে উপস্থিত হইয়া লোকের দুরবস্থা স্বচক্ষে দেখিয়াছেন। প্রায় ৮।৯ হাজার কঙ্কালসার নরনারী উপস্থিত ছিল। ৩নং গ্রুপের প্রায় ৭।৮ শত দুর্ভিক্ষক্লিষ্ট লোক তথায় আমার সহিত গিয়াছিল। কমিশনার সাহেব বাহাদুরকে দুইলক্ষ টাকা ঋণ চাওয়া হইয়াছে ও ১৫০০০৲ পনর হাজার টাকার কাপড় সাহায্য চাওয়া হইয়াছে। গরীব শ্রেণীর লোকদিগকে কাজ দেওয়ার জন্য ও স্থানে স্থানে অন্নসত্র খোলার জন্য অনুরোধ করা হইয়াছে। আশা করা যায় যে তিনি অচিরে এই আবেদন নিবেদন কার্য্যে পরিণত করিবেন। এ অঞ্চলের প্রায় ৬০।৭০ হাজার লোক দুর্ভিক্ষে জর্জ্জরিত। কমিশনার সাহেব বাহাদুর দেশের দুরবস্থা বুঝিতে পারিয়া প্রত্যেক গ্রুপে ১৫০ জন নিরন্ন ব্যক্তিকে যে ক্ষুদ দেওয়ার ব্যবস্থা ছিল তাহা ৩০০ জনকে দিবার আদেশ সরজামিনেই দিয়া গিয়াছেন। এই সমস্ত অঞ্চলে বৃষ্টির খুবই অভাব উপস্থিত হইয়াছে। যদি আর বৃষ্টি না হয় তাহা হইলে ধান্য একেবারেই জন্মিবে না। তাহা হইলে ৭৬ সালের মন্বন্তর বা ১৮৬৬ খ্রীষ্টাব্দের উড়িষ্যার ভীষণ দুর্ভিক্ষ অপেক্ষাও দেশের অবস্থা ভয়ঙ্কর হইয়া উঠিবে। জলাভাবে স্থানে স্থানে ধান্যের গাছ মারা যাইতেছে কিন্তু টাকার অভাবে জল সেচনের কোনই ব্যবস্থা করার ক্ষমতা কোন প্রজার নাই। যে দুই লক্ষ টাকা ঋণ চাওয়া হইয়াছে তাহা সত্বরে দিলে লোকে জল সেচনাদি দ্বারা কতক ফসল বাঁচাইতে পারিবে। বিলম্বে টাকা দিলে ধান্য গাছ মরিয়া গেলে এ অঞ্চলের মানুষেরও বাঁচিবার কোনই উপায় থাকিবে না। এজন্য আকুল প্রাণে মহাশয় ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট মিষ্টার গ্রিফিথস সাহেবের দৃষ্টি এইদিকে আকর্ষিত করিতেছি। আশা করা যায় যে অতি সত্বরে এ অঞ্চলের প্রজার রক্ষার জন্য তিনি সুব্যবস্থা করিবেন। ইতি—

শ্রীসৈয়দ সায়েক উদ্দিন,
ভাইস প্রেসিডেণ্ট
মির্জ্জাপুর এম, ই, স্কুল।

গ্রাম নওদা
পোঃ গণকর
(মুর্শিদাবাদ।)

১৮।৯।২৮

# জঙ্গিপুর সংবাদের

## ক্রোড় পত্র।

৩রা আশ্বিন বুধবার ১৩৩৫, ইংরাজী ১৯শে সেপ্‌টেম্বর ১৯২৮।

সম্রাট পঞ্চম জর্জ্জের কনিষ্ঠ পুত্র প্রিন্স জর্জ্জ সম্প্রতি কানাডা যাইবার জন্য সাউদম্পটন ষ্টেশনে আসিয়া হাজির হন এবং জাহাজে উঠিতে উদ্যোগ করেন। কিন্তু পুলিশ রাজপুত্রকে আটকাইয়া রাখে, রাজপুত্রকে বিদায় দিবার জন্য যাঁহারা মিলিত হইয়াছিলেন, তাঁহারা ভুলবশতঃ অন্যত্র গিয়াছিলেন—তাহাতেই এই পুলিশ বিভ্রাট ঘটে। প্রিন্স জর্জ্জ তাঁহার টিকেট প্রদর্শন করিলে, পুলিশ তাঁহাকে ছাড়িয়া দেয়।


---

### বাটী বিক্রয়।

এতদ্দ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে রঘুনাথগঞ্জ চাউলপটী মঠতলাস্থিত পোক্তা দোতালা বাটী যাহাতে আমাদের কাপড়ের দোকান ছিল ঐ বাটী বিক্রয় করা হইবে। গ্রাহক নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীদুর্গাচরণ সরকার,
সাং রঘুনাথগঞ্জ, ফাঁসিতলা।

---




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

অত্যাশ্চর্য্য ব্যাপার।

সন্ন্যাসী প্রদত্ত ঔষধ।

হাঁপ, যক্ষ্মা, কাশি, অম্লপিত্ত, রক্তপিত্ত, অতিসার, অর্শ, মেহ, প্রমেহ, ধ্বজভঙ্গ, একশিরা, মূর্চ্ছা, বাধক, স্মৃতিকা, নাসা, কুষ্ঠ, গোদ ইত্যাদি যাবতীয় রোগ ১ সপ্তাহে আরোগ্য হইবে। বেশীদিনের অসুখ হইলে ২ সপ্তাহ কাল ঔষধসেবন করিতে হইবে। ইহা ছাড়া সকল প্রকার মাদুলীও পাওয়া যাইবে। একবার পরীক্ষা করিয়া দেখুন। নিবেদন ইতি—

নিবেদক—কবিরাজ শ্রীশ্রীদামচন্দ্র কর্ম্মকার।
জঙ্গিপুর, ( মুর্শিদাবাদ।

MOTOR CARS  MOTOR BUS

THE NEW FORD.

নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডো-মিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৪৫০৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেন্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।
খাগড়া পোঃ ( মুর্শিদাবাদ )

পূজার বাজার! পূজার বাজার!! পূজার বাজার!!!

পূজার বাজার করিবার পূর্ব্বে একবার আমাদের দোকানে আসিয়া পূজার বাজারের বিপুল আয়োজন দেখিয়া যাইবেন।

সমস্তই নূতন ফ্যাসানের—নূতন ধরণের পোষাক।

নূতন নূতন নক্সার বেনারসী সাড়ী, পার্শী বোম্বাই ও নানাবিধ সিল্কের ফ্যান্সী সাড়ী। দর বাজার অপেক্ষা সস্তা।

ঢাকা, শান্তিপুর, সিমলা, ফরাসডাঙ্গা প্রভৃতি মোকামের দেশী তাঁতের কাপড় ও চাদর। নানাবিধ খদ্দরের ধুতি সাড়ী ইত্যাদি

সার্ট, কোট, পাঞ্জাবী, সেমিজ, সায়া, ব্লাউজ, জ্যাকেট, পেনী, ফ্রক ইত্যাদি তৈয়ারী পোষাক, রুমাল, মোজা, গেঞ্জি ইত্যাদি। পরীক্ষা প্রার্থনীয়।

# কৃষ্ণলাল মনিলাল এণ্ড কোং

২০৭-৩ হ্যারিসন রোড (বড়বাজার) কলিকাতা।

কোন জিনিষের মূল্য বেশী হইলে টাকা ফেরত দিয়া থাকি। কাটা, দাগী, অপছন্দ হইলে বদলাইয়া দেওয়া হয়।

## প্রেরিত পত্র।

মাননীয় শ্রীযুক্ত জঙ্গিপুর সংবাদ পত্রের সম্পাদক

মহাশয় সমীপেষু—

মহাশয় আপনার জঙ্গিপুর সংবাদে নিম্নলিখিত সংবাদটী প্রকাশ করিয়া বাধিত করিবেন।

গত ১৭ই সেপ্‌টেম্বর জঙ্গিপুরে কমিশনার ইলেকসন কার্য্য শেষ হইয়াছে। এ বৎসর ইলেকসন ব্যাপারে হিন্দু মুসলমানের একতা দেখিয়া বড় প্রীতিলাভ করিয়াছি। ১ বা ১॥ বৎসর পূর্ব্বে এখানে হিন্দু মুসলমানের মধ্যে যেরূপ বিদ্বেষবহ্নি প্রজ্জ্বলিত হইয়াছিল তাহা যে এত শীঘ্র এমন ভাবে শেষ হইবে আশা করিতে পারি নাই। এই একতা যাহাতে চিরস্থায়ী হয় তাহাই বাঞ্ছনীয়। কিছুদিন পরে যেন প্রকাশ না পায় যে নিজের বৈরীকে পরাজিত করার জন্য মনের আগুন চাপিয়া কপট বন্ধু সাজিয়াছিলাম এবং এ অপবাদ যেন শুনিতে না হয় যে এই প্রকার ঈর্ষা জন্যই সোণার ভারত চির পরাধীন হইয়াছে।

এ বৎসরের ইলেকসন ব্যাপারে একটি বিষয় শুনিয়া বড়ই মনোকষ্ট পাইয়াছি। শুনিলাম কমিশনার পদপ্রার্থীর মধ্যে কেহ কেহ সাধারণ অজ্ঞ ভোটারগণকে পঞ্চ 'ম'কারের কূপে ডুবাইয়া তাহাদের নিকট হইতে ভোট মন্থন করিয়াছেন, আমার মনে হয় যে ব্যক্তি অন্যকে এরূপ পাপ কার্য্যের সহায়তা করেন তিনি জগদীশ্বরের নিকট দোষী ও সমাজের নিকট ঘৃণ্য।

কেহ কেহ বলিতেছেন যে যাহারা নিজের উদ্দেশ্যসাধন জন্য এমন নীচতা অবলম্বন করিতে পারেন তারা উচ্চপদ প্রাপ্ত হইলে পদগৌরব ঠিক রাখিতে পারেন বলিয়া মনে হয় না।

জনৈক করদাতা।

---

## নিলামের ইস্তাহার।

চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৮ই সেপ্‌টেম্বর ১৯২৮।

—•—

২৪৮ মর্গেজ ডিঃ ভজহরি নাথ দিং দেং হেফাজত মণ্ডল দিং দাবি ১৩০০৲ ২নং লাট পং নওয়ানগর মৌজে জরিওর ১॥০ কাত ১॥/১২ আঃ ৫০৲ ৩নং লাট পরগনাদি ঐ ১।০ কাত ১।৶০ আঃ ৪০৲ ৪নং লাট পং আসরফভাগ মৌজে বাড়ালা ২॥০ কাত ৩।১৪॥ আঃ ৮০৲

---

## বিজ্ঞাপন।

—•—

থানা সমসেরগঞ্জ ও সুতী এলাকার মহালাতের জন্য কয়েকজন বিশ্বাসী ও কর্ম্মিষ্ঠ গোমস্তার আবশ্যক। কার্য্যপ্রার্থী আবেদন করিলে সবিশেষ জানিতে পারিবেন।

জমিদার—

পোঃ কোটালপুকুর, সাঁওতাল পরগণা।

---

## আর কিসের ভাবনা

ডাঃ ব্যানার্জ্জির আবিষ্কৃত ঔষধ ব্যবহার করিয়া নিরাময় হউন।

**জ্বরাঙ্কুশ**—সর্ব্বপ্রকার জ্বরের অমোঘ অব্যর্থ মহৌষধ। শত শত রোগী আরোগ্য লাভ করিয়া ইহার গুণকীর্ত্তন করিতেছে, খাইতে খারাপ নহে। মূল্য ॥৶০

**নিমোলীন**—পাচড়া, খোস, চুলকনা, সর্ব্বপ্রকার ক্ষত ঘা, উপদংশ ঘা প্রভৃতির মহৌষধ। তিন দিন ব্যবহার করিলে নিশ্চয়ই আরোগ্য হইবে। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য মাত্র ।/০

**সর্ব্বদদ্রুনাশন**—বাজারের দাদের মলম হইতে ভাল কিনা পরীক্ষা করিলেই বুঝিতে পারিবেন। কাপড়ে দাগ লাগিবে না। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য ।০

পাইকারী ডজন দর স্বতন্ত্র। মাশুল পৃথক লাগিবে। এজেন্টগণের সহিত বিশেষ ব্যবস্থা করা যায়।

সোল এজেন্ট :—ব্যানার্জ্জি কোং।

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---




---

### 'সত্যের জয়'

# "মোহিনী"

## বিড়ীর নকল হাইকোর্টের বিচারে বন্ধ হইল।

বর্ত্তমান সমন্বয়ের যুগে, জনসাধারণ ব্যক্তি বা বস্তু বিশেষের আদর করেন না; গুণেরই সমাদর করিয়া থাকেন। বিড়ী অনেকেই প্রস্তুত করিয়া বাজারে চালাইতেছেন, কিন্তু ভারতবর্ষের প্রতি নগরে বা সুদূর পল্লীতে "মোহিনী" বিড়ীর ন্যায় সমাদর আর কোন বিড়ী এ পর্য্যন্ত লাভ করে নাই। ইহার কারণ মোহিনী বিড়ীর ন্যায় সুন্দর সুস্বাদু ও স্বাস্থ্যকর বিড়ী আর নাই। দরিদ্র বা অশিক্ষিত লোকের ত কথাই নাই, এই বিড়ী ধনী, শিক্ষিত যুবক, বৃদ্ধ সকলেরই অতি আদরের সামগ্রী এবং সকলেই বিলাতী সিগারেট ফেলিয়া ব্যবহার করিয়া থাকেন। মোহিনী বিড়ীর অসাধারণ বিক্রয়াধিক্য দেখিয়া প্রতারকগণ আমাদের মোহিনী লেবেল নকল করিয়া অতি নিকৃষ্ট বিড়ীতে লাগাইয়া মোহিনী নামে কলঙ্কারোপ এবং সাধারণের স্বাস্থ্যের এবং আমাদের স্বার্থের সমূহ ক্ষতি করিতেছিল। সহৃদয় গ্রাহকগণ এ বিষয়ে আমাদের মনোযোগ আকর্ষণ করায় অনন্যোপায় হইয়া নকলকারী ভাইলাল ভিকাভাই এণ্ড কোং এবং রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোম্পানীর) বিরুদ্ধে আমরা আইনের আশ্রয় গ্রহণ করিয়াছিলাম। শ্রীভগবানের কৃপায় এবং মহামান্য হাইকোর্টের সুবিচারে সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইয়াছে যে আমরাই মোহিনী বিড়ীর একমাত্র প্রস্তুতকারক এবং স্বত্বাধিকারী। উক্ত ভাইলাল ভিকাভাই এণ্ড কোং ও রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোং'র) প্রতি মহামান্য হাইকোর্ট হইতে এরূপ চিরস্থায়ী নিষেধাজ্ঞা (Permanent injunction) প্রচারিত হইয়াছে যে যদি উহাদের কেহ আমাদের মোহিনী বিড়ীর লেবেলের অনুকরণ বা নকল লেবেল দিয়া কোন বিড়ী বাজারে প্রচলন করে তাহা হইলে আইনানুসারে দণ্ডনীয় হইবে। সুতরাং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে যদি কেহ আমাদের মোহিনী বিড়ী লেবেলের কোনও নকল লেবেল ব্যবহার করেন—তাহাতে মোহিনী নাম, মোহিনী লেবেলের ছবি কিম্বা ২৪৭ নম্বর একক বা একসঙ্গে বা অন্য কোনও কথা, অক্ষর বা নম্বরের সহিত থাকুক বা না থাকুক—তিনিই আইনানুসারে দণ্ডনীয় হইবেন।

সহৃদয় গ্রাহকগণ ক্রয়কালীন মোহিনী লেবেল, ২৪৭নং এবং আমাদের নাম দেখিয়া লইবেন। সন্দেহ হইলে দয়া করিয়া জানাইলে বিশেষ বাধিত হইব এবং নকল লেবেল ধরাইয়া দিলে বিশেষ পুরস্কৃত করিব। নিকটস্থ কোনও দোকানে যদি মোহিনী বিড়ী না পান আমাদিগকে জানাইলে মোহিনী বিড়ী সরবরাহের সুবন্দোবস্ত করিয়া দিব।

বিনয়াবনত—

**মুলজি সিক্কা এণ্ড কোং**

হেড আফিস :—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।

ফ্যাক্টরী :—মোহিনী বিড়ী ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি,)।

স্বস্থ শরীরে প্রহরী ও ভগ্ন স্বাস্থ্যের পক্ষে
অমৃত সঞ্জীবনী কে ?

## আতঙ্ক নিগ্রহ বটীকা।

এই বটীকা সুস্থ শরীরে সেবন করিলে যেমন শরীরকে অসুস্থ হইতে দেয় না, তেমনই অসুস্থ শরীরে সেবন করিলেও ব্যাধি হইতে সত্বরই নিরাময় হওয়া যায়। এই বটীকা যদি শুক্র-তারল্যে, স্বপ্নদোষে, অকালিক ক্ষয়ে, প্রমেহে, কোষ্ঠ কাঠিন্যে, অজীর্ণে, প্রস্রাব সম্বন্ধীয় পুরুষের রোগে সেবন করা যায়, তবে অব্যর্থ ফল প্রদান করে। ইহা স্ত্রীলোকের ব্যাধিতেও অসীম ফলদায়ক। ইহা সকল ঋতুতেই সেবন করা যায়। এই বটীকা শুদ্ধ গাছ গাছড়া দ্বারা প্রস্তুত। প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান ঃ—
**বৈদ্য শাস্ত্রী।**
২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।
**জঙ্গিপুর সংবাদ আফিস।**
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৪১

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৷৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷৹ বার আনা ; ডাকমাশুল ও প্যাকিং ৷৷৶৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র ; মাশুলাদি ১।৶৹ এক টাকা পাঁচ আন।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই এক শিশির মূল্য ১৷৷৹ টাকা ; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶৹ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৌকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৷৹ আট আনা, মাশুলাদি ।৶৹ সাত আনা।

---

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

# ইলেক্‌ট্রিক স্যালাইন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অত অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷৷৹ দেড় টাকা।


অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

**সোল এজেন্ট—ডাঃ ডিঃ ডিঃ হাজরা।**
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

# বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

আনন্দ ঔষধে সারে
আমলু পিত্তরোগে।
পেপ—অজীর্ণ ও অম্ল।
বিল—হিষ্টিরিয়ায়।
লুং—হাঁপানী।
হর—চুলকানি।
আরও অনেক ঔষধ আছে

ফোড়া,
বাগী,
কাকবিড়ালা,
ঠুন্‌কা,
উরুস্তম্ভ,
শীতলী,
ভগন্দর,
ব্রণ,
পৃষ্ঠব্রণ,







বঙ্গদেশে আবিষ্কার আমেরিকায় নয়।
এ দেশের রোগীর পক্ষে অব্যর্থ নিশ্চয়।

কর্ণমূল প্রভৃতি বিনা অস্ত্রে আরোগ্য হয়। মূল্য ১৲

"দামোদর সুধা" ম্যালেরিয়া জ্বরে। "রত্নাকর সালসা" রক্ত পরিষ্কারে।
দুর্ব্বলের বল বাড়ে "ভাইট্যালিন" সেবনে। কলেরাতে "স্পিরিট ক্যাম্ফর" রাখুন যতনে।
"সুশীতল তৈল" মস্তিষ্ক শীতলে। নষ্ট হয় চর্ম্মরোগ "একজিন" মাখিলে।

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।**
ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা
পত্র লিখিলে বিনামূল্যে ১টী দিন পঞ্জিকা পাইবেন

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত